

পিয়ার ইঙ্গপেকশন শিক্ষাপ্রতিষ্ঠানের মানোন্নয়ন ঘটাবে।

শিক্ষামন্ত্রী

স্টাফ রিপোর্টার। শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ বলেছেন, নতুন উদ্ভাবিত 'পিয়ার ইঙ্গপেকশন' কর্মসূচী শিক্ষা প্রতিষ্ঠানের হৃদয়তা ও ছবাবদিহি নিশ্চিত করার পাশাপাশি মানোন্নয়নে ডুমিকা রাখবে। রবিবার রাজধানীর সিরডাপ মিলনায়তনে শিক্ষাপ্রতিষ্ঠানের পিয়ার ইঙ্গপেকশন (এক প্রতিষ্ঠানের সারা অপর প্রতিষ্ঠানের নিরীক্ষা) কর্মসূচীর উদ্বোধনী অনুষ্ঠানে মন্ত্রী একথা বলেন।

শিক্ষা মন্ত্রণালয়ের অধীন ডিআইএর ৩৫তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে পিয়ার ইঙ্গপেকশন কার্যক্রমের উদ্বোধনী অনুষ্ঠানে অন্যদের মধ্যে বক্তৃতা করেন শিক্ষা সচিব নূরুল ইসলাম খান, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরের মহাপরিচালক অধ্যাপক ফাহিমা খাতুন এবং শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মোস্তাফিজ আল হাসান চৌধুরী। ডিআইএর পরিচালক অধ্যাপক মফিজ উদ্দিন আহমদ উইয়া। শিক্ষামন্ত্রী বলেন, শিক্ষাপ্রতিষ্ঠান পরিদর্শন ও নিরীক্ষার মাধ্যমে নিয়োজিত পরিদর্শন ও নিরীক্ষা অধিদফতর (ডিআইএ) এর পক্ষে প্রতিষ্ঠানটির অভ্যন্তরীণ মানোন্নয়ন ঘটবে।

শিক্ষাপ্রতিষ্ঠান পরিদর্শনের কাজ পরিচালনা করা একেবারেই অসম্ভব। তাই হৃদয়তা ও ছবাবদিহিতে বিশ্বাসী শেখ হাসিনার সরকার শিক্ষাপ্রতিষ্ঠানে পিয়ার ইঙ্গপেকশন কর্মসূচী চালু করেছে। মন্ত্রী পিয়ার ইঙ্গপেকশন পদ্ধতির বিস্তারিত তুলে ধরে বলেন, এ কর্মসূচীতে একই ধরনের প্রতিষ্ঠানসমূহ নিজেদের নিজেস্বরাই পরিদর্শন ও নিরীক্ষা করবে। নিজেদের ভাল খারাপ জট-বিচ্ছাদিত নিজেস্বরাই খুঁজে বের করবে। অন্য প্রতিষ্ঠানের ভাল বিষয় নিজের প্রতিষ্ঠানে শিক্ষার মানোন্নয়নে অনুসরণের সুযোগ থাকবে। প্রতিষ্ঠান প্রধান পর্যায়ের এসব পরিদর্শনের বিস্তারিত প্রতিবেদন সবার জানার জন্য ডিআইএর ওয়েবসাইটে আপলোড করতে হবে। এর আগে শিক্ষামন্ত্রী সকালে মতিঝিল মডেল স্কুল এন্ড কলেজে পিয়ার ইঙ্গপেকশন কর্মসূচীর আনুষ্ঠানিক উদ্বোধন করেন। রাজধানীর লালমাটিয়া মহিলা কলেজ ও মতিঝিল মডেল স্কুল এন্ড কলেজ নতুন এ কর্মসূচীর আওতায় নিজেদের ইঙ্গপেকশন করবে বলে কর্মসূচীর উদ্বোধন অনুষ্ঠানে সিদ্ধান্ত হয়।